

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
নৌপরিবহন মন্ত্রণালয়  
আইসিটি সেল  
[www.mos.gov.bd](http://www.mos.gov.bd)

বিষয়ঃ ১৯-১২-২০১৭ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত ইনোভেশন সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ রফিকুল ইসলাম  
অতিরিক্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়  
তারিখ : ১৯-১২-২০১৭।  
সময় : বেলাঃ ১২.৩০ ঘটিকা।  
স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ (ভবন নং-৬, কক্ষ নং-৮০৬, ৮০৮, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।  
উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে করণীয় সম্পর্কে আলোকপাত করেন। সভাপতির অনুমতিক্রমে প্রোগ্রামার গত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। এ প্রেক্ষিতে সভায় মন্ত্রণালয়ের উদ্ভাবনী চর্চার বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
(১)	মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থার আইসিটি/ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও মনিটরিং এর নিমিত্ত পরবর্তী ইনোভেশন সভাসমূহ দপ্তর/সংস্থার ইনোভেশন অফিসারদের সমন্বয়ে আহ্বান করতে হবে। উক্ত সভায় দপ্তর/সংস্থার উদ্ভাবনী উদ্যোগ, সেবা সহজীকরণ, অনলাইন সেবা, ই-সার্ভিস রোডম্যাপ, SIP (Small Improvement Project), ই-ফাইলিং, ই-টেন্ডারিং, ওয়েবসাইট হালনাগাদকরণসহ সংশ্লিষ্ট আইসিটি/ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতির বিষয়ে পর্যালোচনা করতে হবে।	আইসিটি সেল, নৌপরিবহন মন্ত্রণালয়
(২)	মন্ত্রণালয়ের ইনোভেশন টিমের সদস্য জনাব কামরুল হাসান, উপসচিব অন্যত্র বদলী হওয়ায় জনাব জি.এম. ফয়সাল আহমদ, সিস্টেম এনালিস্ট-কে তাঁর স্থলাভিষিক্ত করে ইনোভেশন টিমের সদস্য করতে হবে।	আইসিটি সেল, নৌপরিবহন মন্ত্রণালয়
(৩)	ই-ফাইলিং এবং ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম জোরদার করার জন্য ফ্রন্ট ডেস্কসহ আইসিটি ইউনিট দৃশ্যমান এবং সহজগম্য স্থানে স্থাপন করা যেতে পারে।	প্রশাসন-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়

২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত  
২১/১২/২০১৭  
(মোঃ রফিকুল ইসলাম)  
অতিরিক্ত সচিব (প্রশাসন)  
নৌপরিবহন মন্ত্রণালয়

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। জনাব এএসএম মামুনুর রহমান খলিলী, যুগ্মসচিব (প্রশাসন, চবক), নৌপরিবহন মন্ত্রণালয়।
- ২। জনাব মোঃ মুহিদুল ইসলাম, উপসচিব, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৩। সিনিয়র সহঃ সচিব, প্রশাসন-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৪। জনাব জি.এম ফয়সাল আহমদ, সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়।
- ৫। সৈয়দ মোহাম্মদ অলিউর রহমান, প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়।

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।